

## দুর্গাপুরে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ৩ দিনের শিক্ষণ কর্মশালা



নিজস্ব প্রতিনিধি : উচ্চশিক্ষায় শিক্ষকদের কাজের ক্ষেত্রে দক্ষতা বাড়াতে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় আর কমনওয়েলথ এডুকেশন মিডিয়া সেন্টার যুক্ত এশিয়া'র (CEMCA) যৌথ উদ্যোগে গত ৩ বছর ধরে রাজ্যের নানা জেলায় শিক্ষণ কর্মশালা হয়। এবার ৬-৮ জুলাই ৩ দিনের কর্মশালা হয় নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দুর্গাপুর আঞ্চলিক কেন্দ্রে। কর্মসূচির নাম — ‘Implementation of Blended Learning (BL) in Education Institutions Including HEIs in West Bengal’। ৬ জুলাই উদ্বোধনে ছিলেন কমনওয়েলথ এডুকেশন মিডিয়া সেন্টার ফর এশিয়ার ডি঱েক্টর অধ্যাপক Basheerhamad Shadrach, দুর্গাপুর রিজিওনাল সেন্টারের ডেপুটি ডি঱েক্টর প্রসেনজিৎ ভট্টাচার্য, প্রোজেক্ট ডি঱েক্টর অধ্যাপক অনিবার্ণ ঘোষ, প্রোজেক্ট কোঅর্ডিনেটর ড. পাপিয়া উপাধ্যায় কর্মশালার শিক্ষক পূর্বদর সেনগুপ্ত। এছাড়াও ছিলেন নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দুর্গাপুর রিজিওনাল সেন্টারের অধীন নানা প্রতিষ্ঠানের ৪০জন শিক্ষক অংশ নেন। স্বাগত ভাষণ দেন দুর্গাপুর রিজিওনাল সেন্টারের প্রসেনজিৎ ভট্টাচার্য। প্রোজেক্ট ডি঱েক্টর অধ্যাপক অনিবার্ণ ঘোষ ভাষণের শুরুতে এই কর্মসূচির সফল রূপায়ণে সাহায্য করার জন্য নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ইন্দ্রজিৎ লাহিড়ি ও ‘CEMCA COL’এর ডি঱েক্টর অধ্যাপক Basheerhamad Shadrach কৃতজ্ঞতা জানান। তিনি জানান, এই কর্মশালায় উচ্চশিক্ষার ক্ষেত্রে শিক্ষকদের প্রযুক্তির মাধ্যমে হাতে কলমে দক্ষতা বাড়ানোর প্রশিক্ষণ দেওয়া হয়। তাঁরা এই জ্ঞান, দক্ষতা, মোটিভেশন এলাকার শিক্ষার উন্নয়নে কাজে লাগান। প্রোজেক্ট কো-অর্ডিনেটর পাপিয়া উপাধ্যায় কর্মশালার উদ্দেশ্য ও কর্মসূচির কথা জানান।

কমনওয়েলথ এডুকেশনাল মিডিয়া সেন্টার ফর এশিয়ার ডি঱েক্টর অনলাইন ভাষণে কর্মশালায় অংশগ্রহণকারীদের প্রতি কৃতজ্ঞতা জানান আর সেই সঙ্গে প্রোজেক্ট টিমকে আর অনুষ্ঠান আয়োজকদের জন্য অভিনন্দন জানান। CEMCA COL'র অধিকর্তা তাঁর ভাষণে দক্ষতাভিত্তিক শিক্ষা ও প্রযুক্তিভিত্তিক শিক্ষার ওপর জোর দেন। এই মুহূর্তে আটিফিসিয়াল ইন্টেলিজেন্স দিনদিন গুরুত্বপূর্ণ হয়ে উঠছে তার উল্লেখ করেন। পাশাপাশি কর্মশালার সাফল্য কামনা করেন।